দৈনিক
# ইত্তেফাক

তারিখ 24 AUG 2017
পৃষ্ঠা ... কলাম ...

## টাকা আত্মসাতের অভিযোগে বরিশাল জিলা স্কুলের শিক্ষক গ্রেফতার

■ বরিশাল অফিস

প্রতারণার মাধ্যমে বিভিন্ন মানুষের কাছ থেকে নয় কোটি টাকা আত্মসাতের অভিযোগে বরিশাল জিলা স্কুলের সাবেক শিক্ষক (বর্তমান পটুয়াখালী জিলা স্কুলের ধর্ম শিক্ষক) মাওলানা মোঃ অলিউল ইসলামকে গ্রেফতার করেছে পুলিশ। সোমবার রাতে নগরীর কাউনিয়া এলাকার হাজেরা খাতুন স্কুলের সামনে থেকে তাকে গ্রেফতার করা হয়।

কাউনিয়া থানার এসআই সেলিম রেজা জানান, শিক্ষক অলিউলের বিরুদ্ধে ঢাকা এবং বরিশালে দায়ের হওয়া তিনটি মামলায় গ্রেফতারি পরোয়ানা রয়েছে। এছাড়া অপর একটি মামলায় তাকে এক বছরের কারাদণ্ডও দিয়েছেন আদালত। এসআই আরো জানান, শিক্ষক অলিউল ইসলাম বাকেরগঞ্জ উপজেলার উত্তমপুরের ধতরাবাদ গ্রামের বাসিন্দা আলী আহমেদের পুত্র। প্রতারণা ও অর্থ আত্মসাতের অভিযোগে দায়ের হওয়া মামলায় তার ভাই শহিদুল্লাহও আসামী।

সূত্র মতে, মাওলানা অলিউল ইসলাম বরিশাল ও ঢাকায় প্রতারণা করে গাঢাকা দিতে বদলি হয়ে পটুয়াখালী জিলা স্কুলে যান। কিন্তু অর্থ আত্মসাত এবং প্রতারণার দায়ে মামলার খবর পেয়ে পটুয়াখালী জিলা স্কুল থেকেও তাকে গত ছয় মাস পূর্বে বরখাস্ত করা হয়। এরপর থেকে সে (অলিউল) পলাতক ছিল।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং.................................
তারিখ.................................

| | |
|---|---|
| উপ. পরিসংখ্যান বিভাগ | |
| উপ. ডি.এল.পি বিভাগ | |
| সিস্টেম এনালিস্ট | |
| সিস্টেম ম্যানেজার | |
| প্রশাসনিক কর্মকর্তা | |
| পি.এ. | |

কার্যার্থে/জ্ঞাতার্থে

স্বাক্ষর